



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে আওতাধীন দপ্তর সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ১ম কোয়ার্টার (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ আনোয়ার উদ্দিন মহাপরিচালক
সভার তারিখ	২৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.
সভার সময়	বিকাল ৩:৩০ মিনিট
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ১ম কোয়ার্টার (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) সভা ৩০ সেপ্টেম্বর/২০২৪ খ্রি মাসের সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন।

২.০ বিস্তারিত আলোচনান্তে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ১ম কোয়ার্টার (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:


ক্রম. নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা	আইসিটি অধিদপ্তরের অগ্রগতি
১.	[১.১] কর্ম-পরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	[১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	৪ বার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ১ম কোয়ার্টারে হালনাগাদকৃত এবং ২য় কোয়ার্টারের কার্যক্রম চলমান

২.	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[১.২.১] আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত/অবহিতকরণ সভা আয়োজিত	৪ বার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ ১ম কোয়ার্টার হালনাগাদকৃত এবং ২য় কোয়ার্টারের কার্যক্রম চলমান
৩.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।	[২.১.১] সভা আয়োজিত/প্রতিবেদন প্রেরিত	৪টি সভা আয়োজন করতে হবে	প্রথম কোয়ার্টারের ১টি সভা গত ২৯/০৯/২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে
৪.	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	[২.২.১] কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজিত/ বার্ষিক প্রতিবেদন প্রেরিত	আয়োজন করতে হবে	কার্যক্রম চলমান

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ১ম কোয়ার্টার (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত) সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিতভাবে হালনাগাদ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	প্রধান কার্যালয় ও আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ
২.	মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ২০২৪-২৫ অর্থবছরের সিটিজেনস চার্টার নির্দেশিকা অনুসরণপূর্বক নির্ধারিত সময়ে মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	প্রধান কার্যালয় ও আওতাধীন জেলা/উপজেলা কার্যালয়সমূহ

(গ) সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৮-১১-২০২৪

মোহাম্মদ আনোয়ার উদ্দিন
মহাপরিচালক

+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)

+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)

dg@doict.gov.bd

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০৩১.১৭.৯৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। সিস্টেম ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৬। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৭। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



Signature

২৮-১১-২০২৪
তাপসী রাবেয়া
উপ-পরিচালক